# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 27 June, 2025

চট্টগ্রামের সীতাকুণ্ডে দুর্ঘটনা কবলিত হলো মিরসরাইয় এসিল্যান্ডের গাড়ি।শুক্রবার (২৭ জুন) বিকেল সীতাকুণ্ড পৌরসদরের শেখ পাড়া এলাকায় এসিল্যান্ডের গাড়িকে একটি ভটভটি সজোরে ধাক্কা দিলে গাড়িটির সামনের অংশ দুমড়ে মুচড়ে গেলেও সৌভাগ্যক্রমে রক্ষা পান এসিল্যান্ড ও গাড়ি চালক।

□প্রত্যক্ষদর্শী বেলাল হোসেন নামের এক যুবক বলেন, এসিল্যান্ডকে বহনকারী গাড়িটি দ্রুতগতিতে চট্টগ্রামের দিকে যাচ্ছিলো।উল্টো পথে নসিমনটি সামনে থাকা একটি রিকশাকে ওভারটেক করার সময় ভূমি কর্মকর্তার গাড়িকে ধাক্কা দেয়।

মিরসরাইয়ের সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. সাইফুল ইসলাম জানান, শুক্রবার বিকেলে তিনি চট্টগ্রাম অভিমুখে যাচ্ছিলেন।তার গাড়িটি যখন পৌনে ৪টার দিকে সীতাকুণ্ড পৌরসদরের শেখ পাড়া এলাকা অতিক্রম করছিলো তখন হঠাৎ রং সাইড থেকে একটি ভটভটি এসে সজোরে ধাক্কা দিলে গাড়ির একপাশ দুমড়ে মুচড়ে যায়।তবে সৌভাগ্যক্রমে তিনি ও চালক আজম অক্ষত রয়েছেন।পরে গাড়িটি সার্ভিসিংয়ে পাঠিয়ে দিয়ে তিনি বিকল্প গাড়িতে গন্তব্যে যান।

তিনি আরও বলেন, ভটভটিটি এমনভাবে এসে ধাক্কা দেয় যে বড় ধরনের কোন অঘটন ঘটতে পারত।আমার গাড়ি চালক সতর্ক ছিলো বলেই আমরা রক্ষা পেয়েছি।মহাসড়কে যেভাবে এই ভটভটিগুলো চলছে হাইওয়ে পুলিশ এদের বিষয়ে আরেকটু নজর দেয়া দরকার।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 05:58

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073816